স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৪

সাম্মানিক বাংলা (CBCS)

সেমেস্টার : ২ কোর্স-CC-3

সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।

একক - ১

১। বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো। ১৫

২। বাংলা প্রবন্ধের বিকাশে অক্ষয়কুমার দত্ত অথবা বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা করো। ১৫

৩। ঈশ্বরচন্দ্র গুপ্তকে কেন যুগসন্ধির কবি বলা হয়, আলোচনা করো। ১৫

একক - ২

৪। উনিশ শতকে বাংলা কাব্য অথবা নাটকের বিকাশে মাইকেল মধুসূদন দত্তর ভূমিকা পর্যালোচনা করো। ১৫

৫। বাংলা সাহিত্যের ইতিহাসে প্যারীচাঁদ মিত্রর গুরুত্ব আলোচনা করো। ১৫

৬। বাংলা ছোটোগল্পের নির্মাণে প্রকাশিত রবীন্দ্রনাথের ছোটোগল্পের তাৎপর্য বিচার করো। ১৫

একক - ৩

৭। বিংশ শতাব্দীতে উপন্যাস রচনায় রবীন্দ্রনাথের বিশেষত্ব বিষয়ে আলোচনা করো। ১৫

৮। ছোটোগল্পকার রূপে জগদীশ গুপ্ত অথবা প্রেমেন্দ্র মিত্রর সার্থকতা বিচার করো। ১৫

৯। বাংলাসাহিত্যে 'কল্লোল' পত্রিকার অবদান ও গুরুত্ব বিষয়ে তোমার অভিমত লেখো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩x৫=১৫

ক) রামমোহন রায়ের বিতর্কমূলক গদ্য

খ) 'তত্ত্ববোধিনী' পত্রিকা

গ) ন্যাশনাল থিয়েটার

ঘ) বঙ্কিমচন্দ্রের একটি ঐতিহাসিক উপন্যাস

ঙ) 'সবুজ পত্র' পত্রিকা

চ) কবি কাজী নজরুল ইসলাম

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৪
সাম্মানিক বাংলা (CBCS)
সেমেস্টার: ২,কোর্স: CC - 4
(প্রাগাধুনিক পর্বের নির্বাচিত গ্রন্থ)

সময়:৩ ঘণ্টা

পূর্ণমান: ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত
১০ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক — ১

১। 'এইবার কেকয়ী মোর প্রাণ কর রক্ষা।' এই উক্তির আলোকে বক্তার চরিত্র বিশ্লেষণ করো। ১৫
২। কৃত্তিবাসী রামায়ণের 'অযোধ্যাকাণ্ড' অবলম্বনে রাম চরিত্র-সৃজনে কবির কৃতিত্ব আলোচনা করো। ১৫
৩। কৃত্তিবাসী রামায়ণের 'অযোধ্যাকাণ্ড'-এর গুরুত্ব আলোচনা করো। ১৫

একক - ২

৪। 'গৌরাঙ্গ বিষয়ক' পর্যায়ের পাঠ্য একটি পদের কাব্যসৌন্দর্য আলোচনা করো। ১৫
৫। পূর্বরাগের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে এই পর্যায়ের পদ রচনায় চণ্ডীদাসের কবিপ্রতিভার পরিচয় দাও। ২+৩+১০ =১৫
৬। 'মাথুর' কাকে বলে? এই পর্যায়ের পদ রচনায় কবি বিদ্যাপতির কৃতিত্ব বিচার করো। ২+১৩=১৫

একক — ৩

৭। বৃন্দাবন দাস রচিত 'চৈতন্য ভাগবত'-এর আদিকাণ্ডের দশম অধ্যায় অবলম্বনে সমকালীন নদীয়া—নবদ্বীপের জীবনযাত্রার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫
৮। 'চৈতন্য ভাগবত'-এর মধ্যখণ্ডের প্রথম অধ্যায়ে বর্ণিত শ্রীচৈতন্যদেবের কৃষ্ণভক্তির পরিচয় দাও। ১৫
৯। 'চৈতন্য ভাগবত'-এর অন্ত্যখণ্ডের সপ্তম অধ্যায়ের গুরুত্ব আলোচনা করো। ১৫

৩X৫=১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি):
(ক) অযোধ্যাকাণ্ডে কেকয়ী ও মন্থরার কথোপকথন।
(খ) অযোধ্যাকাণ্ডে ভরত চরিত্র।
(গ) বৈষ্ণব পদাবলির পঞ্চরস।
(ঘ) 'কণ্টক গাড়ী কমল-সম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরি-বারি ঢারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি।।'
(ঙ) 'পক্ষকীট পশু আদি বলিতে না পারে।
শুনিলেই হরিনাম তারা সব তরে।'
(চ) জগাই-মাধাই

Undergraduate Examination 2024

Semester-II (CBCS)

Bengali

Generic Elective Course (GEC-2)

**বাঙালি সংস্কৃতি**

**Time: 3 Hours** **Full Marks: 60**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর দান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে**

**একক-১**

১। রবীন্দ্রনাথ culture শব্দের বাংলা প্রতিশব্দ হিসেবে কোন শব্দটিকে কেন গ্রহণযোগ্য বলে মনে করেছিলেন আলোচনা করো। ১৫

২। গোপাল হালদারের সংস্কৃতি ভাবনা সম্বন্ধে তোমার অভিমত প্রদান করো। ১৫

৩। প্রাগাধুনিক পর্বে বাঙালি জাতির সংস্কৃতিতে ইসলামের অবদানকে সুনীতিকুমার চট্টোপাধ্যায় কেন গুরুত্বপূর্ণ বলে মনে করতেন তা বিস্তারে লেখো। ১৫

**একক-২**

৪। প্রাগাধুনিক পর্বের বঙ্গদেশে দেশজ শিক্ষা ব্যবস্থার পরিচয় দাও। ১৫

৫। প্রাগাধুনিক পর্বে বঙ্গদেশের জন-পরিবহণ ব্যবস্থার পরিচয় দাও। ১৫

৬। পাল যুগে বৌদ্ধধর্মের ইতিহাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫

**একক-৩**

৭। বাঙালি নারীর চিন্তামুক্তির ক্ষেত্রে জ্ঞানদানন্দিনী দেবীর ভূমিকা আলোচনা করো। ১৫

৮। ঔপনিবেশিক পর্বে 'বাঙালির অর্থনীতি' বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১৫

৯। বাঙালি জীবনে ইংরেজি শিক্ষার প্রভাব বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি): ৩x৫=১৫

(ক) বাবু থিয়েটার (খ) ফোর্ট উইলিয়াম কলেজ (গ) 'গুণগত পরিবর্তনই সংস্কৃতি' (ঘ) রামমোহন যুগ (ঙ) অভিনেত্রী বিনোদিনী